

রাজশাহী বিশ্ববিদ্যালয়



বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং- ১৬/২০২৩

তারিখ: ০৫-১০-২০২৩

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগে নিম্নবর্ণিত পদ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম :
প্রভাষক = ০১ (এক)টি স্থায়ী পদ।
প্রফেসর পদের বিপরীতে = ০১ (এক)টি অস্থায়ী প্রভাষক পদ।
সহযোগী অধ্যাপক পদের বিপরীতে = ০২ (দুই)টি অস্থায়ী প্রভাষক পদ।

বেতনক্রম : প্রভাষক পদে টা: ২২,০০০ – ৫৩,০৬০/- ও প্রচলিত ভাতাদি, ৮ম জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী।

উপর্যুক্ত পদে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, আবেদন ফি এবং আবেদন পদ্ধতির বিস্তারিত বিবরণ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.ru.ac.bd) পাওয়া যাবে। অনলাইন পদ্ধতিতে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করে ০৯ সেট দরখাস্ত ৩০-১০-২০২৩ তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে।

স্বাঃ/-

(প্রফেসর মো. আবদুস সালাম)

রেজিস্ট্রার

রাজশাহী বিশ্ববিদ্যালয়

শিক্ষাগত যোগ্যতা (প্রভাষক পদের জন্য)

- ১। ক) আন্তর্জাতিক সম্পর্ক বিভাগে আবেদনকারী প্রার্থীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রী থাকতে হবে।
- খ) স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।
- গ) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০+৫.০০) এর মধ্যে ৮.৫০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০ এর কম থাকা যাবে না।
- ঘ) স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।
- ঙ) স্নাতকোত্তর/মাস্টার্স পর্যায়ে থিসিস গ্রুপ থেকে উত্তীর্ণ আবেদনকারী প্রার্থী অগ্রাধিকার পাবেন।

রেজিস্ট্রার

রাজশাহী বিশ্ববিদ্যালয়